| ডাইরি/ওয়েবসাইটে আপলোডের ব্যবস্থা নিন | |
|---|---|
| স্টেশন প্রকৌশলী | |
| উপস্টেশন প্রকৌশলী | |
| সহকারী বেতার প্রকৌশলী | ১ |
| রেডিও টেকনিশিয়ান | |

৭/৪/২০২৬

বাজেট সর্বোচ্চ অগ্রাধিকার

অতীব জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার, সদর দপ্তর
৩১/১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.betar.gov.bd

স্মারক নম্বর: ১৫.৫৩.০০০০.০০০.০১১.০১.০১০২.২৩- ৯০০১

তারিখ: / /১৪৩২ বঙ্গাব্দ
০৭ /০৪ /২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ ২০২৫-২৬ অর্থবছরের সংশোধিত বাজেটের কতিপয় ব্যয় স্থগিত/হ্রাসকরণ।

সূত্র: অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, বাজেট অনুবিভাগ-১, শাখা-১ এর ০৫-০৪-২০২৬ তারিখের ০৭.১০১.০২০.০০.০০.০০৯.২০২২-৫৯৬ নং পরিপত্র

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, মধ্যপ্রাচ্যের চলমান উত্তেজনা ও যুদ্ধের ফলে উদ্ভূত বৈশ্বিক পরিস্থিতি বিবেচনায় ২০২৫-২৬ অর্থবছরে সকল সরকারি, স্বায়ত্তশাসিত, রাষ্ট্রায়ত্ত, সংবিধিবদ্ধ, পাবলিক সেক্টর কর্পোরেশন এবং রাষ্ট্রীয় মালিকানাধীন কোম্পানী ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের সংশোধিত বাজেটে কতিপয় খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয়ে সরকার নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেছেনঃ

এই আদেশ জারির তারিখ হতে (০৫ এপ্রিল ২০২৬) চলতি ২০২৫-২৬ অর্থবছরের অবশিষ্ট সময়ে সংশোধিত বাজেটের আওতায় নিম্নবর্ণিত অর্থনৈতিক কোডসমূহে প্রদর্শিত বরাদ্দ নিম্নোক্তভাবে ব্যয় করা যাবে:

(১) '৩২১১১০৬-আপ্যায়ন ব্যয়' খাতে অব্যয়িত অর্থের সর্বোচ্চ ৫০% ব্যয় করা যাবে;

(২) মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর কর্তৃক পরিচালিত অভ্যন্তরীণ প্রশিক্ষণ (৩২৩১৩০১) খাতে অব্যয়িত অর্থের সর্বোচ্চ ৫০% ব্যয় করা যাবে। তবে বিভিন্ন সরকারি প্রশিক্ষণ ইনস্টিটিউট কর্তৃক পরিচালতি প্রশিক্ষণসমূহ এর আওতা বহির্ভূত থাকবে;

(৩) সরকারি অর্থায়নে সকল ধরনের বৈদেশিক প্রশিক্ষণ/সেমিনার/সিম্পোজিয়াম/ওয়ার্কশপে অংশগ্রহণ বন্ধ থাকবে;

(৪) ৩২১১১১৩-বিদ্যুৎ, '৩২৪৩১০১-পেট্রোল, অয়েল ও লুব্রিকেন্ট', '৩২৪৩১০২-গ্যাস ও জ্বালানি ও '৩২৪৪১০১-ভ্রমণ ব্যয়' খাতে অবশিষ্ট অর্থের সর্বোচ্চ ৭০% ব্যয় করা যাবে। এর অতিরিক্ত ব্যয় করলে ভবিষ্যতে কোনো বকেয়া দাবী করা যাবে না;

(৫) ৩২১১১১১- সেমিনার/কনফারেন্স ব্যয় খাতে অবশিষ্ট অর্থের সর্বোচ্চ ৮০% ব্যয় করা যাবে। তবে সকল ধরণের সভা/সেমিনার/কনফারেন্স/সিম্পোজিয়াম/ওয়ার্কশপ এর আপ্যায়ন ব্যয়ে ৫০% ব্যয় করা যাবে;

(৬) সকল ধরনের যানবাহন ক্রয় ('৪১১২১০১-মোটরযান,' '৪১১২১০২-জলযান,''৪১১২১০৩-আকাশযান') খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয় বন্ধ থাকবে;

(৭) আবাসিক (৪১১১১০১)/অনাবাসিক (৪১১১২০১)/অন্যান্য ভবন স্থাপনা (৪১১১৩১৭) খাতে অবশিষ্ট অর্থের ৫০% ব্যয় করা যাবে। তবে চলমান নির্মাণ কাজ নূন্যতম ৭০ শতাংশ সম্পন্ন হয়ে থাকলে অর্থ বিভাগের অনুমোদনক্রমে ব্যয় নির্বাহ করা যাবে;

(৮) '৩২৫৮১৪১-অভ্যন্তরীণ শোভাবর্ধন' এবং '৪১১১৩২৫-অভ্যন্তরীণ শোভাবর্ধন' উভয় খাতে অব্যয়িত অর্থের সর্বোচ্চ ৫০% ব্যয় করা যাবে;

(৯) '৪১১২২০২-কম্পিউটার ও আনুষঙ্গিক' খাতে ব্যয় বন্ধ থাকবে'।

এমতাবস্থায় উপরোক্ত নির্দেশনাগুলো যথাযথভাবে পালন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। আরো উল্লেখ্য যে, এই আদেশ প্রতিপালনে যদি কোন ব্যত্যয় হয় এবং পরবর্তীতে কোন বকেয়া বিল দাবী করা হয় তাহলে সংশ্লিষ্ট দপ্তর প্রধান এবং আয়ন ও ব্যয়ণ কর্মকর্তা দায়বদ্ধ থাকবেন।

০৭.০৪.২০২৬
সৈয়দ জাহিদুল ইসলাম
অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ)
মহাপরিচালকের পক্ষে।

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, কারিগরী কার্য, বাংলাদেশ বেতার (বাস্তবায়ন), আগারগাঁও, ঢাকা/ ২×২৫০ কিঃ ওঃ ক্ষুদ্র তরঙ্গ প্রেরণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, কবিরপুর, ঢাকা/ মহাশক্তি প্রেরণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ধামরাই, ঢাকা।

২। পরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা/ চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/রংপুর/ খুলনা/বরিশাল/বাণিজ্যিক সার্ভিস দপ্তর/ কৃষি সার্ভিস দপ্তর/ ট্রান্সক্রিপশন সার্ভিস দপ্তর/ বহির্বিশ্ব সার্ভিস দপ্তর, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।

চলমান পাতা -০২

৩। আবাসিক প্রকৌশলী, উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র- ১/ ২, বাংলাদেশ বেতার, সাভার, ঢাকা / উচ্চ শক্তি প্রেরণ কেন্দ্র-৩, বাংলাদেশ বেতার, কাহালু,বগুড়া/উচ্চ শক্তি প্রেরণ কেন্দ্র-৪, বাংলাদেশ বেতার, কালুরঘাট, চট্টগ্রাম/ উচ্চ শক্তি প্রেরণ কেন্দ্র-৫,বাংলাদেশ বেতার, নওয়াপাড়া, যশোর।

৪। সিনিয়র প্রকৌশলী,সংরক্ষন অনুবিভাগ/ জাতীয় বেতার ভবন/ গবেষণা ও গ্রহন কেন্দ্র/ বাংলাদেশ বেতার, ঢাকা/ বাংলাদেশ বেতার, চট্টগ্রাম।

৫। সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহন কেন্দ্র, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে আপলোডের জন্য)।

৬। পরিচালক, কেন্দ্রীয় বার্তা সংস্থা/ মনিটরিং পরিদপ্তর, (বার্তা), বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।

৭। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, কক্সবাজার/বান্দরবান/ঠাকুরগাঁও/রাঙ্গামাটি/কুমিল্লা/গোপালগঞ্জ/ময়মনসিংহ/বেতার প্রকাশনার দপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা।

৮। আঞ্চলিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার, রাজশাহী/ সিলেট/ রংপুর/ খুলনা/ বরিশাল/কক্সবাজার/বান্দরবান/ঠাকুরগাঁও/ রাঙ্গামাটি/কুমিল্লা/গোপালগঞ্জ/ময়মনসিংহ।

৯। ষ্টেশন প্রকৌশলী, মনিটরিং পরিদপ্তর (কারিগরী কার্যক্রম) / ট্রান্সক্রিপশন সার্ভিস, বাংলাদেশ বেতার, ঢাকা।

১০। আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক, বার্তা সংস্থা, বাংলাদশ বেতার, চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/ রংপুর।

১১। উপআঞ্চলিক প্রকৌশলী, কেন্দ্রীয় ভান্ডার, বাংলাদেশ বেতার, পাহাড়তলী, চট্টগ্রাম।

১২। উপবার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, বরিশাল/কক্সবাজার/বান্দরবান/ঠাকুরগাঁও/রাঙ্গামাটি/গোপালগঞ্জ/ময়মনসিংহ।

১৩। আয়ন ব্যয়ণ কর্মকর্তা, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা।

১৪। হিসাব রক্ষণ কর্মকর্তা/ প্রশাসনিক কর্মকর্তা (হিসাব), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা।

১৫। অফিস কপি।

<u>অনুলিপি: সদয় অবগতিকল্পে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১।প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, আগারগাঁও, ঢাকা।

২। অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান/ বার্তা), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা।

৩। পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা।

৪। অতিরক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা।

৫। মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা(মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতিকল্পে)।